

তারিখ

পৃষ্ঠা ... কলাম ...

জাবি ছাত্রলীগ নেতাকে ছাত্র দল ক্যাডাররা রড ও হাতুড়ি দিয়ে পিটিয়েছে

জাবি সংবাদদাতা ॥ জাহাঙ্গীরনগর-বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগ নেতাকর্মীদের ওপর ছাত্রদল ক্যাডারদের নৃশংসতা অব্যাহত রয়েছে। শনিবার জাবি ছাত্রদলের হুগিত কর্মিটির সহসভাপতি জাহিদ ও বজলুলের নেতৃত্বাধীন ৫/৬ ক্যাডার ছাত্রলীগ জাবি সাংগঠনিক (১১-পৃষ্ঠা ৫-এর কঃ দেখুন)

জাবি ছাত্রলীগ নেতাকে

(১২-এর পাতার পর)

সম্পাদক তৈয়বুর রহমান তুহিনকে রড ও হাতুড়ি দিয়ে পিটিয়ে মারাত্মক জখম করেছে। গুরুতর আহত অবস্থায় তুহিন বর্তমানে ঢাকা মেডিক্যাল কলেজে চিকিৎসাধীন রয়েছে বলে জানা গেছে।
প্রত্যক্ষদর্শী সূত্রে জানা গেছে, শনিবার দুপুর পৌনে দুটায় তুহিন তার বাফবীসহ বিশ্ববিদ্যালয়ের নবাব ফয়জুলেশাহলের সামনে অবস্থান করছিল। এ সময় বর্তমানে বিশ্ববিদ্যালয় থেকে পাস করে বের হয়ে যাওয়া ভূগোল বিভাগের ছাত্র ও ছাত্রদল সহসভাপতি জাহিদ ও বজলুলের নেতৃত্বাধীন ৫/৬ জন তুহিনের উপর হামলা চালায়। হলের সামনে অবস্থানরত অর্ধশতাধিক ছাত্রীর সামনে তুহিনকে এ সময় জাহিদ বাহিনী রড ও হাতুড়ি দিয়ে বেধড়ক মারধর করে ঘটনার নৃশংসতায় প্রত্যক্ষদর্শী ছাত্রীরা ভয়ে আতঙ্কে হতবিহ্বল হয়ে পড়ে। মারধরের পর জাহিদ বাহিনী স্থান ত্যাগ করলে গুরুতর অবস্থায় তুহিনকে বিশ্ববিদ্যালয় চিকিৎসা কেন্দ্রে নিয়ে যায় সাধারণ ছাত্রছাত্রীরা।
সেখানে কর্তব্যরত ডাক্তার খলিলুর রহমান অবস্থা আশঙ্কাজনক ভেবে তুহিনকে ঢাকা মেডিক্যাল কলেজে পাঠিয়ে দেয়। এ সময় বিশ্ববিদ্যালয়ের সাময়িকভাবে দায়িত্বপ্রাপ্ত প্রক্টর অধ্যাপক মজিবুর রহমান সেখানে উপস্থিত ছিলেন।